

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল
একাডেমিক কাউন্সিলের সভার কার্যবিবরণী

কুমুদিনী সরকারি কলেজের একাডেমিক কাউন্সিলের সভা ২০/০৯/২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার দুপুর ১২:০০ টায় অধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষে অধ্যক্ষ প্রফেসর মো: বদরুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সম্মানিত সভাপতি একাডেমিক কাউন্সিলের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করেন। সভার সদস্য সচিব উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবদুল করিম মিঞা সভাটি পরিচালনা করার জন্য শিক্ষক পরিষদের সম্পাদক জনাব সেলিনা খাতুনকে দায়িত্ব প্রদান করেন।

সভার হাজিরা রেজুলিউশন খাতায় লিপিবদ্ধ রয়েছে।

সভার সিদ্ধান্তসমূহ:

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও অনুমোদন করা হয়।
২. একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা-২০২২ আগামী ১৬/১০/২০২২ তারিখ সকাল ৯:০০ টা হতে শুরু সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা পরিচালনার সফটওয়্যারের ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা স্ব স্ব পরীক্ষা পরিচালনা কমিটি বহন করবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. অনার্স ৩য় বর্ষ সেশন (২০১৮-২০১৯) প্রস্তুতিমূলক পরীক্ষা আগামী ১৭/১০/২০২২ তারিখ দুপুর ১:৩০ হতে শুরু সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. মাস্টার্স শেষ পর্ব (২০১৯-২০২০) শিক্ষাবর্ষের প্রস্তুতিমূলক পরীক্ষা আগামী ১২/১০/২০২২ তারিখ হতে শুরু সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. সকল বিভাগের অনার্স এর বিভিন্ন বর্ষের ইনকোর্স, প্রস্তুতিমূলক ও অন্যান্য পরীক্ষাসমূহ একযোগে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
৭. সকল কর্মকর্তাদের অভ্যন্তরীণসহ সকল পরীক্ষার কক্ষ প্রত্যবেক্ষকের দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও যত্নশীল হওয়ার অনুরোধ করা হয়।
৮. অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতিকে উৎসাহিত করার লক্ষ্যে পরীক্ষার ফলাফল ও উপস্থিতি হারের ভিত্তিতে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
৯. শ্রেণিকক্ষের সাউন্ডসিস্টেম উন্নতকরণের লক্ষ্যে ৬টি এ্যামপ্লিফায়ার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
১০. সকল বিভাগীয় প্রধানদের অনার্সের প্রতিদিনের ক্লাস রিপোর্ট নিয়মিত প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রফেসর মো: বদরুল আলম)


অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।
৩. সকল বিভাগীয় প্রধান, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।
৪. হোস্টেল সুপার, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।
৫. অফিস নথি।



(প্রফেসর মো: বদরুল আলম)

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল